

🗏 আদ-দুখান | Ad-Dukhan | اُلدُّخان

আয়াতঃ ৪৪: ১৬

আরবি মূল আয়াত:

يُومَ نَبطِشُ البَطشَةَ الكُبرٰي إِنَّا مُنتَقِمُونَ ﴿ ١٩ ﴾

সেদিন আমি প্রবলভাবে পাকড়াও করব; নিশ্চয় আমি হব প্রতিশোধ গ্রহণকারী। — আল-বায়ান যেদিন আমি তোমাদেরকে ভীষণভাবে পাকড়াও করব, সেদিন আমি আবশ্যই প্রতিশোধ নেব। — তাইসিরুল যেদিন আমি তোমাদেরকে প্রবলভাবে পাকড়াও করব সেদিন আমি তোমাদেরকে শাস্তি দিবই। — মুজিবুর রহমান The Day We will strike with the greatest assault, indeed, We will take retribution. — Sahih International

১৬. যেদিন আমরা প্রবলভাবে পাকড়াও করব, সেদিন নিশ্চয় আমরা হব প্রতিশোধ গ্রহণকারী।

তাফসীরে জাকারিয়া

- (১৬) যেদিন আমি তোমাদেরকে প্রবলভাবে পাকড়াও করব[1] (সেদিন) আমি অবশ্যই প্রতিশোধ গ্রহণ করব।
 - [1] এখানে পাকড়াও বলতে বদর যুদ্ধের দিন পাকড়াও করার কথা বলা হয়েছে। সেদিন ৭০ জন কাফের মারা গিয়েছিল এবং ৭০ জনকে বন্দী করা হয়েছিল। দ্বিতীয় ব্যাখ্যা অনুপাতে কঠোরভাবে এই পাকড়াও কিয়ামতের দিন করা হবে। ইমাম শাওকানী বলেন, এখানে সেই পাকড়াও এর কথা বিশেষভাবে উল্লেখ করা হয়েছে, যা বদর যুদ্ধে হয়েছিল। কেননা, কুরাইশ প্রসঙ্গের আলোচনাতেই এর উল্লেখ আছে। যদিও কিয়ামতের দিনেও মহান আল্লাহ কঠোরভাবে পাকড়াও করবেন। তবে সে পাকড়াও এত ব্যাপক হবে যে, তাতে সকল শ্রেণীর অবাধ্য শামিল থাকবে।

তাফসীরে আহসানল বায়ান

Source — https://www.hadithbd.com/guran/link/?id=4430

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন